

১৫ নভেম্বর ২০১৮

১৫ নভেম্বর ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২, কাকরাইল, ঢাকা।


স্মারক নম্বর-৪৯.০১.০০০০.০০২.১৮.২৯০.১৪.২০১৮

তারিখ : ০৭/০৯/২০১৮খ্রিঃ।

বিষয় : ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের এ্যাম্বুলেন্স ব্যবহারের নীতিমালা আংশিক সংশোধনের পত্রটি বিএমইটি'র ওয়েব সাইটে ও ফেইজ বুক পেইজে প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রবাসে মৃত কর্মীর লাশ পরিবহন এবং বিদেশ থেকে আগত অসুস্থ কর্মীকে ঢাকার বিভিন্ন হাসপাতালে ভর্তির ক্ষেত্রে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের অর্থায়নে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এ্যাম্বুলেন্স সেবা চালু করা হয়েছে। এ সেবা আরো সুষ্ঠু ও যথাযথভাবে প্রদানের লক্ষ্যে প্রণীত এ্যাম্বুলেন্স ব্যবহার নীতিমালা ২৭৭ তম বোর্ড সভায় 'শুধুমাত্র ঢাকা মহানগর এলাকার ভাড়ার হার ১,০০০/- (এক হাজার) টাকা আংশিক সংশোধন সহ চূড়ান্ত অনুমোদন করা হয়েছে এবং নীতিমালার অন্যান্য ভাড়াসমূহের হার অপরিবর্তিত থাকবে মর্মে প্রণীত এ্যাম্বুলেন্স ব্যবহার নীতিমালার একটি তালিকা পাওয়া গিয়েছে।

০২. এমতাবস্থায়, বর্ণিত ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের এ্যাম্বুলেন্স ব্যবহারের নীতিমালার আংশিক সংশোধন সংক্রান্ত পত্রটি বিএমইটির ওয়েব সাইটে ও ফেইজ বুক পেইজে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(মোহাম্মদ আতাউর রহমান)
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)।
ফোন নং-৮৩০০২৬৪ (অফিস)।

✓ জনাব মোঃ রেজওয়ানুল হক চৌধুরী
উপপরিচালক (বাজেট ও আইটি)
বিএমইটি, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, রমনা, ঢাকা-১০০০।
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০৪৪.০৬.০১১.১৮.১৭৪

তারিখ: ৫২০৭.২০১৮ খ্রিঃ

বিষয়: ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের এ্যাম্বুলেন্স ব্যবহার নীতিমালা।

প্রবাসে মৃত কর্মীর লাশ পরিবহন এবং বিদেশ থেকে আগত অসুস্থ কর্মীকে ঢাকার বিভিন্ন হাসপাতালে ভর্তির ক্ষেত্রে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনস্থ ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের অর্থায়নে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এ্যাম্বুলেন্স সেবা চালু করা হয়েছে। এ সেবা সুষ্ঠু ও যথাযথভাবে প্রদানের লক্ষ্যে এ্যাম্বুলেন্স ব্যবহার নীতিমালা নিম্নোক্তভাবে প্রণয়ন করা হলো:

- (১) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে মৃতদেহ ঢাকা মহানগর ও অন্যান্য জেলা সদরে পরিবহনের ক্ষেত্রে নির্ধারিত ভাড়া প্রযোজ্য হবে। বিদেশ থেকে আগত অসুস্থ কর্মীকে ঢাকাস্থ কোনো হাসপাতালে ভর্তির ক্ষেত্রে ভাড়া প্রযোজ্য হবে না;
- (২) ঢাকা মহানগর এলাকা ব্যতীত অন্যান্য স্থানের জন্য এ্যাম্বুলেন্সের বডি ভাড়া বাবদ=১,০০০/- (এক হাজার) টাকা প্রদান করতে হবে;
- (৩) জেলা সদরের বাইরে যাতায়াতের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার নির্ধারিত ভাড়ার অতিরিক্ত (গন্তব্যস্থল জেলা সদরের পরে হলে) প্রতি কিঃমিঃ ৪০.০০ (চল্লিশ) টাকা হারে ভাড়া প্রদান করতে হবে। তবে গন্তব্যস্থল জেলা সদরের আগে হলে বিমান বন্দর হতে গন্তব্যস্থল পর্যন্ত প্রতি কিঃমিঃ ৪০.০০ (চল্লিশ) টাকা হারে+ বডি ভাড়া-১০০০/- (এক হাজার) টাকা প্রদান করতে হবে;
- (৪) এ্যাম্বুলেন্স সেবা গ্রহিতা একমুখি যাতায়াতের (oneway) ভাড়া প্রদান করবে;
- (৫) ব্রিজ/ফেরী/ফ্লাইওভার ইত্যাদি পারাপারে সেবা গ্রহিতা টোল প্রদান করবে;
- (৬) এ্যাম্বুলেন্স সেবা সাধারণত ঢাকা ও তার আশপাশের জেলাসমূহে প্রযোজ্য হবে। তবে দূরবর্তী জেলাসমূহে এ্যাম্বুলেন্স সেবা প্রদানের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন লাগবে।
- (৭) এ্যাম্বুলেন্স সেবা থেকে প্রাপ্ত আয় পৃথক ব্যাংক হিসাবে জমা হবে;
- (৮) এ্যাম্বুলেন্স চালকের বেতন-ভাতাদি ব্যতীত, গাড়ী মেরামত, জ্বালানী ও আনুষঙ্গিক ব্যয় এ্যাম্বুলেন্স থেকে অর্জিত আয় দ্বারা নির্বাহ হবে;
- (৯) এ্যাম্বুলেন্স হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্কের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সার্বিক দায়িত্বে থাকবে।
- (১০) এ্যাম্বুলেন্স ব্যবহারের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড সংরক্ষণ করবে;
- (১১) সেবা গ্রহিতাকে ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের প্রচলিত বিধি-বিধান মেনে চলতে হবে;
- (১২) এ্যাম্বুলেন্স চালক ও সেবা গ্রহিতাকে অশালীন বা অশোভন ব্যবহার থেকে বিরত থাকতে হবে।
- (১৩) এ্যাম্বুলেন্স ব্যবহারের ক্ষেত্রে এই নীতিমালা পরিবর্তনযোগ্য;

মৃতদেহ পরিবহনের ক্ষেত্রে ঢাকা মহানগর এলাকা এবং অন্যান্য জেলা সমূহের এ্যাম্বুলেন্স ভাড়া যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো:

ঢাকা মহানগর এলাকা (লেভেল ০১) এর নির্ধারিত ভাড়ার হার

ক্রম	হতে	পর্যন্ত	ভাড়া (টাকা)
১	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর	বারিধারা	=১,০০০/-
২	"	গুলশান	=১,০০০/-
৩	"	বনানী	=১,০০০/-
৪	"	মহাখালী	=১,০০০/-
৫	"	ক্যান্টনমেন্ট	=১,০০০/-

ঢাকা মহানগর এলাকা (লেভেল ০২) এর নির্ধারিত ভাড়ার হার

ক্র/নং	হতে	পর্যন্ত	ভাড়া (টাকা)
১	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর	ধানমন্ডি	=২,০০০/-
২	"	মোহাম্মদপুর	=২,০০০/
৩	"	মিরপুর	=২,০০০/
৪	"	তেজগাঁও	=২,০০০/
৫	"	ওয়ারী	=২,০০০/

